# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান— ৭০

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়**　　　　বিষয় কোড : | ১ | ৫ | ০ |

**সৃজনশীল প্রশ্ন**

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** প্রতি বছরের ন্যায় এ বছরও ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি .......... গানটি সরবে গাইতে গাইতে খালি পায়ে যশোরবাসী প্রভাতফেরী সহকারে, শহিদবেদিতে ফুল দিয়ে শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

ক. ৬ দফার প্রথম দফাটি লেখ। ১

খ. বাঙালি জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপক দ্বারা নির্দেশিত ঐতিহাসিক ঘটনার পটভূমি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত ঐতিহাসিক ঘটনা বাঙালিকে স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধ করে— বিশ্লেষণ কর। ৪

**২.▶**

| ঘটনা | খাতের নাম | মুক্তিযুদ্ধের ক্ষেত্রে ভূমিকা |
|---|---|---|
| P | ছাত্র সমাজ | মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ও আত্মত্যাগ |
| Q | রাজনৈতিক দল | সরকার গঠন ও মুক্তিযুদ্ধ পরিচালনা |
| R | পেশাজীবী | বিশ্বজনমত সৃষ্টি ও সমর্থন আদায় |

ক. বাংলাদেশের গণতন্ত্রের অগ্রযাত্রায় অতীব তাৎপর্যপূর্ণ ঘটনা কোনটি? ১

খ. ‘অপারেশন সার্চলাইট’— ব্যাখ্যা করো। ২

গ. প্রদত্ত সারণিতে উল্লিখিত ঘটনা ‘P’ এর ভূমিকা ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধের ক্ষেত্রে ঘটনা 'P', 'Q' ও 'R' এর ভূমিকা অনস্বীকার্য- বিশ্লেষণ করো। ৪

**৩.▶**

| স্থান | অক্ষরেখা | দ্রাঘিমারেখা | তারিখ | স্থানীয় সময় |
|---|---|---|---|---|
| A | ২৩.৫° দক্ষিণ | ১৪০° পূর্ব | ২২ ডিসেম্বর | ৯টা (সকাল) |
| B | ২৩.৫° উত্তর | ৯০° পূর্ব | ২২ ডিসেম্বর | ? |

ক. গ্রহ কাকে বলে? ১

খ. ‘প্রতিপাদ স্থান’ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের 'B' চিহ্নিত স্থানের স্থানীয় সময় নির্ণয় করো। ৩

ঘ. উক্ত স্থান দুটিতে একই সময়ে ভিন্ন ভিন্ন ঋতু বিরাজ করে। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৪.▶** আকিব ও সাকিব দুই ভাই। আকিব বড় ও সাকিব ছোট। আকিব ডাক্তারি পাশ করে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সাতক্ষীরা সদর হাসপাতালে

http://teachingbd.com

কর্মজীবন শুরু করেন। সাকিব ইঞ্জিনিয়ারিং পাশ করে টোবাকো কোম্পানি-যশোর শাখায় সুনামের সাথে কাজ করছেন।


ক. কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে? ১

খ. বাংলাদেশের মুক্তবাজার অর্থনীতি প্রতিষ্ঠার কারণ লিখ। ২

গ. আকিবের কর্মরত প্রতিষ্ঠান যে অর্থনৈতিক ব্যবস্থাকে নির্দেশ করে তার বিবরণ দাও। ৩

ঘ. আকিব ও সাকিবের ক্ষেত্রে প্রযোজ্য অর্থব্যবস্থার তুলনামূলক আলোচনা করো। ৪

৫.▶




ক. বর্ষাকালে কোন মৌসুমী বায়ু দু'টি শাখায় বিভক্ত হয়ে ভারতে প্রবেশ করে? ১

খ. বনভূমি কেন প্রয়োজন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'A' চিহ্নিত নদীর গতিপথ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের 'B' চিহ্নিত নদী বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের জন্য গুরুত্বপূর্ণ। উত্তরের স্বপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৬.▶ জনাব ফারুক সাহেব একজন দেশপ্রেমিক শিক্ষিত নাগরিক। তার প্রবল ইচ্ছা দেশের সেবা করা। তিনি সমমনস্ক কিছু ব্যক্তিদের নিয়ে একটি প্রতিষ্ঠান তৈরি করেন। তিনি ভবিষ্যতে দেশ শাসনের লক্ষ্যে জনমত গঠন, সংগঠনের আদর্শের প্রচার, সমর্থকগোষ্ঠী এবং সচেতন নাগরিক সমাজ গড়ে তোলার চেষ্টা চালাচ্ছেন।

ক. আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লিখ। ১

খ. গণতন্ত্র ও নির্বাচনের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. জনাব ফারুক সাহেব যে প্রতিষ্ঠান গড়ে তুলছেন তার উদ্দেশ্য বর্ণনা করো। ৩

ঘ. গণতান্ত্রিক ব্যবস্থায় উক্ত প্রতিষ্ঠানের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭.▶ জনাব আমিনুল ইসলাম বাংলাদেশ পুলিশ বিভাগের একজন কর্মকর্তা। তিনি একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে দার্ফুতে শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করে শরণার্থী পুনর্বাসনে কাজ করেন। সেখানে আমিনুল ইসলামের মতো অন্যান্য দেশের আরও কিছু সদস্য কাজ করছেন।

ক. মানবাধিকার কাকে বলে? ১

খ. জাতিসংঘের একটি উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২

গ. জনাব আমিনুল ইসলাম যে অঙ্গ সংস্থার অধীনে কাজ করছেন তার বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত সংস্থা বিশ্বে শান্তিরক্ষায় ভূমিকা রাখছে- বিশ্লেষণ কর। ৪

৮.▶ রাশিক তার চাকুরিজীবী বাবা-মায়ের সাথে খুলনা শহরের কলেজ পাড়ায় সরকারি বাসায় থাকে। তার বাবা-মায়ের কর্মব্যস্ততার কারণে পড়াশুনার অবসরে সে স্কুলের সহপাঠীদের সাথে সময় কাটায়। আবার এলাকার বড় ভাই নামের পরিচিতদের সাথে মিশে সে নেশাগ্রস্ত হয়ে পড়ে। এই নিয়ে তার বাবা-মা একে অপরকে দোষারোপ করে।

ক. মিথস্ক্রিয়া কাকে বলে? ১

খ. সামাজিক মূল্যবোধ বলতে কী বুঝায়? ২

গ. আকারের ভিত্তিতে রাশিকদের পরিবারের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. রাশিককে সুষ্ঠু অবস্থায় ফিরিয়ে আনতে তার বাবা-মায়ের মুখ্য ভূমিকা প্রয়োজন- বিশ্লেষণ করো। ৪

৯.▶ মাফি (৪৫) স্বামী ও লিলি (৪০) স্ত্রী তাদের কথপোকথন নিম্নরূপ:

মাফি: পড়ালেখা জানিনা বলে সব সময় কাজ পাই না। ক্ষুধার জ্বালায় বাচ্চারা কান্না করে।

লিলি: ছোট ছেলেটার স্কুলের বেতন বাকি।

মাফি: স্কুলের পড়ালেখায় আজকাল চাকুরি পাওয়া কঠিন। হাতে কলমে শিক্ষা বেশি প্রয়োজন।

লিলি: ভাবছি, এখন আমার কিছু করা দরকার।

ক. GDP এর পূর্ণরূপটি লিখ। ১

খ. মধ্যম আয়ের দেশ উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃত- ব্যাখ্যা করো। ২

Teachingbd.com

গ. মাফি ও লিলি এর কথপোকথনে ফুটে ওঠা অর্থনৈতিক অনগ্রসরতার দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে নির্দেশিত সমস্যা সমাধানের উপায় বিশ্লেষণ করো। ৪

১০.▶




ক. নাগরিকের তথ্য পাওয়ার অধিকার সংবিধানের কত অনুচ্ছেদে উল্লেখ আছে? ১

খ. আইনের একটি উৎস ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'S' সংগঠনের জন্য '?' চিহ্নিত উপাদানটি ব্যাখ্যা কর।৩

ঘ. 'S' সংগঠনের মুখ্য কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

১১.▶ ঢাকার গুলশানের হলি আর্টিজনে এক রাতে কিছু বিপদগামী তরুণের সশস্ত্র আক্রমণে ২২ জন সাধারণ মানুষ নিহত হন। দেশবাসী তাদের প্রতিহত করতে ঐক্যবদ্ধ হয়ে জনমত গঠন করে এবং তাদের বিস্তার রোধে অভিভাবক মহলের সচেতনতা বৃদ্ধির প্রতি গুরুত্ব আরোপ করে।

ক. শিশুশ্রমের প্রথম ও প্রধান কারণ কী? ১

খ. নারীর প্রতি সহিংসতার প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রথম অংশে নির্দেশিত সামাজিক সমস্যার কারণ চিহ্নিত কর।৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে গৃহীত পদক্ষেপই যথেষ্ট বলে কি তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

http://teachingbd.com

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বায়ুমণ্ডলের যে স্তর দিয়ে বিমান চলাচল করে সেটি কোন স্তর নামে পরিচিত?**
ক স্ট্র্যাটোমণ্ডল খ গুরুমণ্ডল
গ ট্রপোপস ঘ ওজোন স্তর

**২. স্বয়ংসম্পূর্ণ জীবনের জন্য কতিপয় পরিবার ও গ্রামের সমন্বয়ে গঠিত সংগঠনই রাষ্ট্র-উক্তিটি কার?**
ক অধ্যাপক গার্নার খ অধ্যাপক গেটেল
গ এরিস্টটল ঘ ম্যাকাইভার

**৩. বিশ্বের প্রথম এইচআইভি রোগী শনাক্ত করা হয় কত সালে?**
ক ১৯৮১ সালে খ ১৯৮৯ সালে
গ ১৯৯৫ সালে ঘ ২০০১ সালে

**৪. ঢাকায় ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে স্মৃতির মিনার কবিতাটি রচনা করেন কে?**
ক মাহবুব উল আলম চৌধুরী
খ আলাউদ্দিন আল আজাদ
গ আবদুল গাফফার চৌধুরী
ঘ ড. মুনির চৌধুরী

**৫. বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী খাদ্য সংকট, দুর্নীতি এবং ষড়যন্ত্র রোধে বঙ্গবন্ধু সরকার কোন কর্মসূচি গ্রহণ করেছিলেন-**
ক রিলিফ প্রদান খ শিক্ষার জাতীয়করণ
গ সংবিধান প্রণয়ন ঘ বাকশাল গঠন

**৬. কর্মদক্ষতা, উদ্ভাবনী শক্তি, প্রযুক্তিগত জ্ঞান ইত্যাদি কোন সম্পদের উদাহরণ?**
i. ব্যক্তিগত ii. সমষ্টিগত
iii. জাতীয়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**৭. রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য হলো-**
i. জনপ্রতিনিধি নির্বাচন
ii. পেশিশক্তি প্রদর্শন
iii. সরকারের গঠনমূলক সমালোচনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পর এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
গত বছর বার্ষিক পরীক্ষার পর জুয়ানা তার বাবা মায়ের সাথে একটি উপকূলীয় অঞ্চলে বেড়াতে যায়। সেখানে সে জোয়ার ভাটার লোনা ও ভেজা মাটিতে জন্মানো বিভিন্ন ধরনের বৃক্ষ দেখা পায়।

**৮. জুয়ানার দেখা বৃক্ষসমূহ বাংলাদেশের কোন বনভূমিকে নির্দেশ করে?**
ক ক্রান্তীয় চিরহরিৎ বনভূমি
খ পত্র পতনশীল বনভূমি
গ ক্রান্তীয় পাতাঝরা বনভূমি
ঘ স্রোতজ বনভূমি

**৯. জুয়ানার দেখা বনভূমির বৈশিষ্ট্য হলো-**
i. টারশিয়ারী যুগের পাহাড়সমূহ
ii. প্লাইস্টোসিন কালের চত্বরভূমি
iii. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii
গ iii ঘ i, ii ও iii

**১০. বাংলাদেশ সরকার পাসপোর্ট ও বিনিময় বিল খাতে প্রচুর অর্থ উপার্জন করে। রাজস্ব আয়ের কোন উৎস হতে এ আয় হয়?**
ক আয়কর খ নন জুডিশিয়াল স্ট্যাম্প
গ রেজিস্ট্রেশন ঘ ভূমি রাজস্ব

**১১. বাংলাদেশে শিল্পের ক্রমোন্নতির ফলে-**
i. নারী শিক্ষার হার বৃদ্ধি পেয়েছে
ii. নারীদের কর্মসংস্থান বৃদ্ধি পেয়েছে
iii. সামাজিকভাবে নারীর অবমূল্যায়ন হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১২. তমদ্দুন মজলিশ সাংস্কৃতিক সংগঠনটির প্রতিষ্ঠাতা কে?**
ক ড. মুহাম্মদ এনামুল হক
খ অধ্যাপক আবুল কাশেম
গ অধ্যাপক ড. মুহাম্মদ শহীদুল্লাহ
ঘ মোঃ শামসুল হক

**১৩. জনাব ক সকাল ঠিক ১০টার সময় ঢাকায় অবস্থান করেছে। তার এক ডিগ্রি পশ্চিমে অবস্থান করছে জনাব খ। জনাব খ এর অবস্থিত স্থানের সময় কত হবে?**
ক ৯টা ২৪ মিনিট খ ৯টা ৫৬ মিনিট
গ ১০টা ৪ মিনিট ঘ ১০টা ২৪ মিনিট

**১৪. নিচের কোন ব্যক্তি বাংলাদেশ সরকারের এজেন্ট হিসেবে কাজ করেন?**
ক অতিরিক্ত কমিশনার খ জেলা প্রশাসক
গ যুগ্ম সচিব ঘ বিভাগীয় কমিশনার

**১৫. ১৯৭৪ সালে বাংলাদেশের মাথাপিছু জমির পরিমাণ কত ছিল?**
ক .২২ একর খ .২৫ একর
গ .২৬ একর ঘ .২৮ একর

Teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :

২০১০ সালে ক দেশের মোট জাতীয় আয় ছিল ৯০০০ কোটি মার্কিন ডলার এবং জনসংখ্যা ছিল ১৫ কোটি।

১৬. ২০১০ সালে ক দেশের মাথাপিছু আয় কত মার্কিন ডলার ছিল?
ⓚ ৪০০ ⓚ ৫০০
ⓖ ৬০০ ⓖ ৭০০

(ক) ৪০০ (খ) ৫০০
(গ) ৬০০ (ঘ) ৭০০

১৭. উক্ত সূচকটি দ্বারা প্রকাশ পায় ক দেশের মানুষের-
i. জীবনযাত্রার মান ii. সঞ্চয়ের হার
iii. শিক্ষার হার
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ও iii

১৮. ভাষা আন্দোলন পূর্ব বাংলার কোন ভাবাদর্শ ছড়িয়ে দেয়?
(ক) বাঙালি জাতীয়তাবাদ
(খ) অসাম্প্রদায়িক মনোভাব
(গ) দ্বি-জাতি তত্ত্ব (ঘ) স্ব-জাত্যবোধ

১৯. বাংলাদেশের যৌথ পরিবার ব্যবস্থা ভেঙে যাবার কারণ হলো-
i. দারিদ্র্য জনসংখ্যা বৃদ্ধি
ii. শিল্পায়ন ও নগরায়ণ
iii. নিরক্ষরতা ও অজ্ঞতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii


২০. সামাজিকীকরণে মুখ্য ভূমিকা পালন করে কোন মাধ্যমটি?
(ক) বিদ্যালয় (খ) চলচ্চিত্র
(গ) পরিবার (ঘ) খেলার সাথি

২১. অপারেশন সার্চলাইট এর নীল নক্সাকারীরা হলো-
i. টিক্কা খান ii. রাও ফরমান আলী
iii. আইয়ুব খান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. গণতন্ত্র সর্বপ্রথম প্রচলিত হয়-
(ক) যুক্তরাজ্যে (খ) আমেরিকায়
(গ) গ্রীসে (ঘ) প্যারিসে

২৩. আন্তর্জাতিক বিচারালয়ের সদর দপ্তর কোন শহরে অবস্থিত?
(ক) নিউইয়র্ক (খ) লন্ডন
(গ) হেগ (ঘ) প্যারিস

নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :




২৪. চিত্রে কোন ঘটনাটি প্রকাশ পাচ্ছে?
(ক) মরা কটাল (খ) পূর্ণিমা
(গ) মুখ্য জোয়ার (ঘ) অমাবস্যা

২৫. উপরের ঘটনাটি কোথায় বেশি দেখা যায়?
(ক) ভূ-মধ্যসাগরীয় অঞ্চলে
(খ) মেরু অঞ্চলে
(গ) উত্তর গোলার্ধে
(ঘ) উপকূলবর্তী অঞ্চলে

২৬. নিচের কোনটি নির্বাচন কমিশনের কাজ?
(ক) জনপ্রতিনিধি বাছাই
(খ) সরকারি কর্মচারি বাছাই
(গ) রাজনৈতিক দল গঠন
(ঘ) রাজনৈতিক দলের সদস্য বাছাই

২৭. জলবায়ু পরিবর্তনের ফলে-
i. মানুষের পেশাগত পরিবর্তন ঘটেছে
ii. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেয়েছে
iii. বিভিন্ন প্রজাতির প্রাণি বিপন্ন হচ্ছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. হোস্টেল নির্মাণ পৌরসভার কোন ধরনের কাজ?
(ক) সমাজ কল্যাণ সংক্রান্ত
(খ) জননিরাপত্তামূলক
(গ) বাসস্থান সংক্রান্ত
(ঘ) শিক্ষা সংক্রান্ত

২৯. ১৯৬৬ সালে পাকিস্তানের প্রশাসনিক চিত্রে কৃষিখাতে বাঙালি কত শতাংশ ছিল?
(ক) ১৯% (খ) ২১%
(গ) ২২% (ঘ) ২৭%

৩০. হস্তান্তরযোগ্যতা কী?
(ক) চাহিদার তুলনায় যোগানের সীমাবদ্ধতা
(খ) কোন দৃশ্যমান বস্তু
(গ) একজনের নিকট হতে বস্তুটি আরেকজনের পাওয়ার সম্ভাব্যতা
(ঘ) কোন দ্রব্যের অভাব পূরণের ক্ষমতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | গ | ৩ | ক | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ |

http://teachingbd.com